

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
শহিদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি  
১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০  
www.imli.gov.bd

### আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপন

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চ ১৯৭১ সালে ভাষণ প্রদানের দিনটিকে জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপন উপলক্ষে ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ৭ই মার্চ ২০২২ তারিখ সকাল ১০:৩০ টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রাঙ্গণে স্থাপিত ম্যুরাল-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে ৪র্থ তলায় আন্তর্জাতিক সম্মেলন কক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ভিডিও পরিবেশন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



৭ মার্চ ২০২২ : আমাই প্রাঙ্গণে স্থাপিত ম্যুরালে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করছেন



ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভিডিও পরিবেশনা

- আলোচনা সভায় ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) জনাব মোঃ শাফীউল মুজ নবীন ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের বিভিন্ন দিক তুলে ধরেন। এছাড়াও আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটে সদ্য পদায়নকৃত পরিচালক জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক (সেমিনার, পরিকল্পনা ও ভাষা-জাদুঘর) জনাব মোহাম্মদ আবু সাঈদ, সংযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আবদুর রহিম এবং কম্পিউটার অপারেটর জনাব মোঃ জাহাজীর হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী পরিচালক (অর্থ ও প্রশিক্ষণ) জনাব শেখ শামীম ইসলাম।



৭ মার্চ ২০২২ : আমাই আন্তর্জাতিক সম্মেলন কক্ষে বক্তব্য দিচ্ছেন পরিচালক জনাব মোঃ শাফীউল মুজ নবীন।